

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪০৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বিতর সালাত ফরয নয় মর্মে দ্বিতীয় হাদীস

ذَكَرُ خَبَرٍ ثَانٍ يَدُلُّ عَلَى أَنَّ الْوِتْرَ لَيْسَ بِفَرَضٍ

আরবী

2403 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرَمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي عَطَاءُ بْنُ يَزِيدَ اللَّيْثِيُّ أَنَّهُ سَمِعَ أَبَا أَيُّوبَ الْأَنْصَارِيَّ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (الْوِتْرُ حَقٌّ فَمَنْ أَحَبَّ أَنْ يُوتِرَ بِخَمْسٍ فَلْيُوتِرْ وَمَنْ أَحَبَّ أَنْ يُوتِرَ بِثَلَاثٍ فَلْيُوتِرْ وَمَنْ أَحَبَّ أَنْ يُوتِرَ بِوَاحِدَةٍ فَلْيُوتِرْ بِهَا وَمَنْ غَلِبَهُ ذَلِكَ فَلْيُؤْمِءَ إِيْمَاءً)

الراوي : أَبُو أَيُّوبَ الْأَنْصَارِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2403 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1278)، ((صلاة التراويح)) (99)، ((المشكاة)) (1265).

বাংলা

২৪০৩. আবু আইয়ূব আল আনসারী রাডিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “বিতর সালাত পড়া হক বা দায়িত্ব। সুতরাং যে ব্যক্তি পাঁচ রাকা‘আত বিতর আদায় করতে চায়, সে যেন তা-ই বিতর পড়ে, যে ব্যক্তি তিন রাকা‘আত বিতর পড়তে চায়, সে যেন তা-ই বিতর পড়ে আর যে ব্যক্তি এক রাকা‘আত বিতর পড়তে চায়, সে যেন তা-ই পড়ে। আর যে ব্যক্তির তা আদায়ে কষ্টকর হবে, সে যেন ইশারা করে বিতর আদায় করে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪১৮; দারেমী: ১/৩৭১; আবু দাউদ: ১৪২২; তাবারানী: ৩৯৬২; তাহাবী: ১/২৯১; দারাকুতনী: ২/২২; সুনান বাইহাকী: ৩/২৭; হাকিম: ১/৩০২; নাসাঈ: ৩/২৩৮; মুসান্নাফ আব্দুর রায়যাক: ৪৬৩৩;

নাসাঈ: ৩/২৩৮-২৩৯; তাহাবী: ১/২৯১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৭৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু আইয়ুব আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91726>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন